১৮ জুলাই, ২০২৫

# গাজায় মৃত্যু মিছিল থামছে না: ইসরায়েলি হামলায় আরও ৪১ নিহত



সংগৃহীত ছবি

ইসরায়েলের অব্যাহত হামলায় মৃত্যুপুরীতে পরিণত হয়েছে গাজা উপত্যকা। শনিবার (১৯ জুলাই) ভোর থেকে রাত পর্যন্ত বিভিন্ন স্থানে হামলায় প্রাণ হারিয়েছেন অন্তত ৪১ জন ফিলিস্তিনি।

আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলোর তথ্য অনুযায়ী, খাদ্য সংকটে মানবিক সহায়তা নিতে আসা সাধারণ মানুষের ওপর চালানো হয় গুলিবর্ষণ। এতে অন্তত ১০ জন নিহত হন।

এছাড়া, গাজায় বাস্তুচ্যুতদের আশ্রয়স্থল হিসেবে ব্যবহৃত একটি বাড়ি ও একটি স্কুল লক্ষ্য করে চালানো বিমান হামলায় শিশুসহ ৩ জনের মৃত্যু হয়েছে।

অন্যদিকে, পশ্চিম তীরের জেনিন শহরে ১৩ বছর বয়সী এক কিশোরকে গুলি করে হত্যা করে ইসরায়েলি বাহিনী (আইডিএফ)। একই অঞ্চলে দখলদার ইসরায়েলি বাসিন্দারা ফিলিস্তিনিদের গৃহপালিত পশুর ওপর হামলা চালিয়ে একশ'রও বেশি ভেড়াকে হত্যা করেছে।

এছাড়া, গাজার দেইর আল-বালাহ এলাকায় তীব্র খাদ্য সংকটে এক বছরের এক শিশু মৃত্যুবরণ করেছে বলে জানা গেছে।

একের পর এক এই হামলা ও মানবিক বিপর্যয়ে চরম সংকটে দিন কাটাচ্ছে গাজাবাসী।

LENS ASIA